

Inaugural I2U2 Business Forum convened to accelerate joint investment in key sectors

February 22, 2023

প্রধান প্রধান সেক্টরগুলিতে যৌথ বিনিয়োগ বাড়ানোর জন্য উদ্বোধনী আই2ইউ2 বিজনেস ফোরামের আহ্বান

ফেব্রুয়ারি 22, 2023

22 শে ফেব্রুয়ারি 2023 তারিখে ইউএই-র আবু ধাবিতে উদ্বোধনী আই2ইউ2 বিজনেস ফোরামের আয়োজন হয়েছিল। ফোরামটি ভারত, ইজরায়েল, সংযুক্ত আরব আমির শাহী এবং মার্কিন যুক্তরাষ্ট্র (আই2ইউ2) এই চারটি দেশের ব্যবসায়ী সম্প্রদায়ের মধ্যে সহযোগিতার সুযোগ নিয়ে আলোচনা করার জন্য সরকারি এবং বেসরকারি সেক্টরের প্রতিনিধিদের এক জায়গায় নিয়ে এসেছিল। 2022 সালের জুলাই মাসে আই2ইউ2 নেতৃবৃন্দের শীর্ষ সম্মেলনের সময় আই2ইউ2 গ্রুপ সরকারিভাবে চালু হবার পরে এই প্রথম এই ধরনের অনুষ্ঠানের আয়োজন হল।

ভারত, ইজরায়েল, ইউএই এবং ইউএস নিয়ে গঠিত আই2ইউ2 অংশীদারি গ্রুপটি বিভিন্ন সেক্টর জুড়ে এর সদস্য দেশগুলির মধ্যে বাস্তব অর্থনৈতিক সহযোগিতার উপরে দৃষ্টি নিবদ্ধ করে, যার মধ্যে রয়েছে খাদ্য সুরক্ষা, জল, জ্বালানি, মহাকাশ, পরিবহন স্বাস্থ্য ও প্রযুক্তি। এর লক্ষ্য হল প্রাইভেট সেক্টরের মূলধন এবং দক্ষতা অন্যান্য উদ্দেশ্যগুলির মধ্যে চালনা করা, আধুনিক পরিকাঠামোকে সাহায্য করা, শিল্পগুলিকে কার্বনমুক্ত করা, জনস্বাস্থ্যের উন্নতি, এবং সবুজ প্রযুক্তির বিকাশে সাহায্য করা।

ইউএই মিনিস্টার অব স্টেট হিজ এক্সেলেন্সি মিস্টার আহমেদ আল সায়েধ; ইউএস আন্ডার সেক্রেটারি অব স্টেট জোসে ডব্লিউ ফার্নান্দেজ; পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের সচিব(অর্থনৈতিক সম্পর্ক) শ্রী দাম্মু রবি; ইজরায়েলের বিদেশ মন্ত্রকের মহা নির্দেশক রোনেন লেভি; এবং মধ্য এশিয়া ও উত্তর আফ্রিকার জন্য হোয়াইট হাউস আহবায়ক ও ইউএস প্রেসিডেন্টের উপ সহায়ক ব্রেট ম্যাকগারকের উদ্বোধনী ভাষণ দিয়ে আই2ইউ2 বিজনেস ফোরাম শুরু হয়।

তাদের বক্তব্যে, কর্মকর্তারা আই2ইউ2 পরিকাঠামোর মধ্যে অর্থনৈতিক সহযোগিতাকে বৃদ্ধি করার জন্য তাদের প্রতিশ্রুতিকে পুনরায় ব্যক্ত করেছেন। তারা আই2ইউ2 দেশগুলির সিদ্ধান্ত গ্রহণকারী এবং ভবিষ্যতের অংশীদারিত্ব গঠনে আগ্রহী বেসরকারি খাতের স্ট্রকহোল্ডারদের মধ্যে সরাসরি সম্পৃক্ততার তাৎপর্য উল্লেখ করেছেন।

সচিব(অর্থনৈতিক সম্পর্ক) আই2ইউ2 অংশীদারিত্বের প্রতি ভারতের প্রতিশ্রুতির কথা পুনরায় ব্যক্ত করেছেন এবং ভারতে হরিয়ানার গুরুগ্রামে একটি আই2ইউ2 উদ্বোধনী কেন্দ্র স্থাপন সহ সকল আই2ইউ2 উদ্যোগগুলির বাস্তব অগ্রগতি অর্জনে সকল স্টেকহোল্ডারদের একটি মজবুত জায়গা করে দিয়েছে। প্রধান মন্ত্রী নরেন্দ্র মোদীর পরিবেশের জন্য লাইফ (এলআইএফই) জীবনযাত্রার তুর্কিনিাদের সাথে সম্পর্ক রেখে , তিনি সকলের জন্য স্থিতিশীল এবং পরিবেশ

বান্ধব জীবনযাত্রা পালনের প্রতি একসাথে কাজ করার জন্য আই2ইউ2 অংশীদারদের আহবান জানিয়েছেন।

এরপরে একটি সরকারি স্বাক্ষর প্রদান অনুষ্ঠান হয় যেখানে প্রজাতান্ত্রিক ভারতকে জলবায়ুর জন্য কৃষি উদ্ভাবন মিশনে সাম্প্রতিকতম যোগদানকারী দেশ হিসেবে স্বাগত জানানো হয়, যেটি ইউএই এবং মার্কিন যুক্তরাষ্ট্র দ্বারা সিওপি26-এ চালু করা হয়েছিল, এবং 140টি সরকারি ও বেসরকারি স্বাক্ষর মধ্যে একজন শরিক হিসেবে ইজরায়েলকে অন্তর্ভুক্ত করা হয়েছে। কর্মকর্তারা তাদের বিশ্বাস ব্যক্ত করেছেন যে এই ধরনের একটি পদক্ষেপ জলবায়ু-পরিবর্তন কৃষি এবং খাদ্য ব্যবস্থা উদ্ভাবনে বৃহত্তর সহযোগিতার জন্য একটি ভিত্তি প্রস্তুতের প্রতিনিধিত্ব করে।

আই2ইউ2 -র অধীনে বর্তমানে অন্বেষণ করা দুটি মুখ্য উদ্যোগের উপস্থাপনা দিয়ে সকালটির সমাপ্তি হয়েছিল, যার মধ্যে ছিল সম্ভাব্য 2 বিলিয়ন মার্কিন ডলার অর্থমূল্যের বিনিয়োগে ভারত জুড়ে একটি ধারাবাহিক সমন্বয়ী কৃষি সুবিধাপ্রদানকারী প্রকল্প নির্মাণ এবং ভারতের গুজরাট রাজ্যে একটি 300 মেগাওয়াটের বায়ু ও সৌর হাইব্রিড পাওয়ার প্ল্যান্টের সম্ভাব্য বিকাশ।

কোম্পানি এবং বেসরকারি সংস্থাগুলির প্রতিনিধিরা তারপরে খাদ্য সুরক্ষা, জ্বালানী, জল, মহাকাশ, পরিবহন, স্বাস্থ্য এবং প্রযুক্তি ক্ষেত্রের উপর ফোকাস করে সাতটি সমান্তরাল অধিবেশনে দৃষ্টিভঙ্গির বিনিময় এবং সম্ভাব্য অংশীদারিত্ব নিয়ে আলোচনা করেন।

আই2ইউ2 ফোরামের লক্ষ্য হল ভারত, ইজরায়েল, ইউএই এবং মার্কিন যুক্তরাষ্ট্রের সরকারি এবং বেসরকারি সংস্থাগুলির জন্য একটি নিয়মিত প্ল্যাটফর্মে পরিণত হওয়া যাতে আই2ইউ2 -র মূল অর্থনৈতিক এবং প্রযুক্তিগত ক্ষেত্রে বাস্তব যৌথ ব্যবসায়িক উদ্যোগগুলিকে আহবান করা যায়।

নিউ দিল্লি

ফেব্রুয়ারি 22, 2023

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.